রেজিস্টার্ড নং ডি এ-১

৭০


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২০, ২০১০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ও প্রকাশনা শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জুলাই ২০১০

নং ৫৪(আঃমঃ)(লেঃসঃ)(মুঃপ্রঃ)/আইন-অনুবাদ/২০১০—সরকার, কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রী পরিষদের বিগত ৩-৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রতিরক্ষা মন্ত্রণালয় এর নিম্নরূপ বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

মোঃ আনোয়ার হোসেন

সিনিয়র সহকারী সচিব।



মূল্য ঃ টাকা ৮.০০

[ ইংরেজিতে প্রণীত এবং ১৯৮৫ সাল পর্যন্ত সংশোধিত বিধিমালার অনূদিত বাংলা পাঠ ।]

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ এপ্রিল, ১৯৮১

**নং এস, আর, ও ১০২-এল/৮১ ।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, এবং এতৎসংক্রান্ত যাবতীয় বিধিমালা বাতিলক্রমে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ অনুচ্ছেদের দফা (২) অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ।**—এই বিধিমালা সশস্ত্র বাহিনীর সদর দপ্তর বেসামরিক কর্মচারী (নন- গেজেটেড) নিয়োগ বিধিমালা, ১৯৮১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা ।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার, এবং কোন নির্দিষ্ট পদ বা পদশ্রেণী সম্পর্কিত এইরূপ পদ বা পদশ্রেণীতে নিয়োগের জন্য সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(খ) **"শিক্ষানবিস"** অর্থ কোন নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(গ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** অর্থ আপাতত বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে বর্ণিত যোগ্যতা;

(ঙ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত তফসিল; এবং

(চ) **"নির্দিষ্ট পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ।

৩। **নিয়োগ পদ্ধতি ।**—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ এর দফা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সম্পর্কিত নির্দেশনাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; অথবা

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, প্রজাতন্ত্রের চাকুরীতে ইতোমধ্যে নিয়োজিত কোন ব্যক্তির ক্ষেত্রে সর্ব্বোচ বয়সসীমা শিথিল কারা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ পদ্ধতি।**—(১) সরকার কর্তৃক নিয়োগের উদ্দেশ্যে গঠিত কোন নির্বাচনী পর্ষদের সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা যাইবে না।

(২) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য অন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ঃ

তবে শর্ত থাকে যে, প্রজাতন্ত্রের চাকুরীতে ইতোমধ্যে নিয়োজিত রহিয়াছেন এইরূপ কোন ব্যক্তির ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন নিদির্ষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগ লাভের যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্বকার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, অথবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি উপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি না—

(ক) তিনি উক্ত পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত দলিলাদি ও ফিসহ যথাযথ ফরমে এবং নিদির্ষ্ট তারিখের পূর্বে আবেদন না করেন; এবং

(খ) কোন ব্যক্তির ক্ষেত্রে যিনি সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত আছেন, তিনি তাহার ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে আবেদন না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি পদোন্নতির মাধ্যমে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) কোন নির্দিষ্ট স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে নিম্নরূপে শিক্ষানবিস হিসাবে নিয়োগ করিতে হইবে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসকালের মেয়াদ এক বা একাধিক সময়কালে এইরূপ বৃদ্ধি করিতে পারেন যেন বর্ধিত মেয়াদ সর্ব সাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, অথবা তাহার কর্ম দক্ষতা অর্জনের সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীর অবসর ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসকালের মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসকালের মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তফসিল

### অংশ-"ক"

### ননগেজেটেড (সাধারণ)

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% উচ্চমান করণিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে-উচ্চমান করণিক পদে কমপক্ষে ৩ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ২। | উচ্চমান করণিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭৫% নিম্নমান করণিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে-নিম্নমান করণিক পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে-কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৩। | নিম্নমান করণিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষা পাস। টাইপিং এর জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ৪। | ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর; সশস্ত্র বাহিনীর প্রাক্তন সদস্য এবং অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে, শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | গেসেটটনার অপারেটর বা জমাদার বা দপ্তরি | | পিয়ন পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | |
| ৬। | পিয়ন বা মালি বা চৌকিদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৫ম শ্রেণী পাস। |
| ৭। | ঝাড়ুদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৫ম শ্রেণী পাস; উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৮। | কুক বা মেস বয় বা মশালচি বা ওয়াটার ক্যারিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর; কুক পদের জন্য ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৫ম শ্রেণী পাস; কুক পদে নিয়োগের ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৯। | পেইন্টার বা কার্পেন্টার বা বুট মেকার বা টিন স্মিথ বা টেইলর | অনূর্ধ্ব ৩০ বৎসর; সংশ্লিষ্ট ট্রেডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৫ম শ্রেণী পাস; সংশ্লিষ্ট পদে নিয়োগের ক্ষেত্রে স্ব স্ব ট্রেডে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |

## তফসিল

### অংশ-"খ"

### ননগেজেটেড (পরিসংখ্যান ও কারিগরি)

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | নকশাকার, গ্রেড-১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৩৩% নকশাকার, গ্রেড-২ হইতে পদোন্নতির মাধ্যমে; (খ) ৬৬% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে- ফীডার পদে ৫ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে- ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২। | নকশাকার, গ্রেড-২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফটম্যানশীপে ২ বৎসরের সার্টিফিকেট কোর্সসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। |
| ৩। | পরিসংখ্যান ইনভেস্টিগেটর বা পরিসংখ্যান সহকারী বা গবেষণা সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | পরিসংখ্যান বা গণিত বা অর্থনীতি -এর যে কোন একটি বিষয়সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৪। | লাইব্রেরী সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট অথবা ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৫। | ক্লাসিফায়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট অথবা ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৬। | ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট অথবা ডিপ্লোমাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ৭। | কাউন্টার ক্লার্ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট অথবা পাবলিক লাইব্রেরীতে ৩ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | সিনিয়র অফসেট মেশিন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | জুনিয়র অফসেট মেশিন অপারেটর হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে- ফীডার পদে ৫ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে-কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৯। | জুনিয়র অফসেট মেশিন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত অফসেট প্রিন্টিং প্রেসে ৫ বৎসর কাজের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ১০। | সিনিয়র মেশিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | জুনিয়র মেশিনম্যান পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে- ফীডার পদে ৫ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে- মেশিনম্যান হিসাবে ৩ বৎসর কাজের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ১১। | জুনিয়র মেশিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত প্রিন্টিং প্রেসে ৩ বৎসর কাজের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ১২। | সিনিয়র অফসেট মেশিন ক্যামেরাম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | জুনিয়র অফসেট মেশিন ক্যামেরাম্যান হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে- ফীডার পদে ৫ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে-কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ১৩। | জুনিয়র অফসেট মেশিন ক্যামেরাম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাসসহ অফসেট মেশিন ক্যামেরাম্যান হিসাবে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৪। | প্রিন্টিং সুপারভাইজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | কম্পোজিটর এমসি-১ এবং জুনিয়র প্রুফ রিডার হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে অথবা ৪র্থ কলামে বর্ণিত পদে ৭ বৎসরের চাকুরী। |
| ১৫। | কমার্শিয়াল আর্টিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | আর্ট কলেজ হইতে স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | ডিজাইনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | আর্ট কলেজ হইতে স্নাতক ডিগ্রী। |
| ১৭। | হেড প্রুফ রিডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সিনিয়র প্রুফ রিডার বা রিডার হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে অথবা ৪র্থ কলামে বর্ণিত পদে ৩ বৎসরের চাকুরী। |
| ১৮। | সিনিয়র প্রুফ রিডার বা রিডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | জুনিয়র প্রুফ রিডার অথবা কপি হোল্ডার হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে—ফীডার পদে অথবা ৪র্থ কলামে বর্ণিত পদে ৩ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে—প্রুফ রিডিং-এ ২ বৎসরের অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ১৯। | জুনিয়র প্রুফ রিডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | প্রুফ রিডিং-এ ৩ বৎসরের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ২০। | কম্পোজিটর (এম, এস, জি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | কম্পোজিটর (এম,সি-১) হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে ৩ বৎসরের চাকুরী। |
| ২১। | কম্পোজিটর (এম,সি-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | কম্পোজিটর (এম,সি-২) হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে ৩ বৎসরের চাকুরী। |
| ২২। | কম্পোজিটর (এম,সি-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত প্রিন্টিং প্রেসে কম্পোজিটর হিসাবে ৩ বৎসর কাজের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ২৩। | কম্পোজিটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত প্রিন্টিং প্রেসে কম্পোজিটর হিসাবে ৩ বৎসর কাজের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ২৪। | বাইন্ডার (চার্জহ্যান্ড) | অনূর্ধ্ব ৩০ বৎসর | বাইন্ডার (এম, এস, জি) হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে ৩ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | বাইন্ডার (এম, এস, জি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | বাইন্ডার (এম,সি-১) হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে ৩ বৎসরের চাকুরী। |
| ২৬। | বাইন্ডার (এম, সি-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | বাইন্ডার (এম,সি-২) বাইন্ডার হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে অথবা ৪র্থ কলামে বর্ণিত পদে ৩ বৎসরের চাকুরী। |
| ২৭। | বাইন্ডার (এম, সি-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাইন্ডার হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস অথবা বাইন্ডার হিসাবে ২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। |
| ২৮। | বাইন্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বাইন্ডার হিসাবে ২ বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস অথবা বাইন্ডার হিসাবে ২ বৎসরের কাজের অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। |
| ২৯। | মেশিনম্যান (এম, এস, জি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | মেশিনম্যান (এম,সি-১) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে ৩ বৎসরের চাকুরী। |
| ৩০। | মেশিনম্যান (এম,সি-১) | অনূর্ধ্ব ৩০ বৎসর | মেশিনম্যান (এম,সি-২) হইতে পদোন্নতির মাধ্যমে। | ফীডার পদে ৩ বৎসরের চাকুরী। |
| ৩১। | মেশিনম্যান (এম,সি-২) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত প্রিন্টিং প্রেসে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস; নির্দিষ্ট শ্রেণীর মেশিনে প্রশিক্ষণ প্রাপ্তদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ৩২। | রিটাচার (Retoucher) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত অফসেট প্রেসে রিটাচার হিসাবে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৩। | প্লেট মেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত অফসেট প্রেসে প্লেট মেকার হিসাবে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৩৪। | কপি হোল্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ। প্রুফ রিডিং এ পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৫। | স্পোর্টস কোচ (মার্কার) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কোচ সার্টিফিকেট কোর্স পাস এবং কোচ (মার্কার) হিসাবে অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। |
| ৩৬। | স্টোরম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন সরকারী বা আধা-সরকারী স্টোরে ২ বৎসরের অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৩৭। | লাইন্সম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | টি এন্ড টি ট্রেনিং ইনস্টিটিউট হইতে প্রশিক্ষণপ্রাপ্ত অথবা লাইন্সম্যান হিসাবে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৩৮। | টেলি কমিউনিকেশন মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | টি এন্ড টি ট্রেনিং ইনস্টিটিউট হইতে প্রশিক্ষণসহ অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট। |
| ৩৯। | টাইপরাইটার মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৪০। | ইকুইপমেন্ট অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪১। | সাইন-রাইটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সাইন রাইটিংয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৪২। | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ট্রেসিং বা ড্রাফটিং এ ট্রেড কোর্সসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাস। |
| ৪৩। | বাটলার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ক্যাটারিং সার্ভিসে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। |

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd